গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৫.১৮-৫৪০

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৬
২৩ অক্টোবর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-২৯৪২/২০১৮ মামলায় গত ১৭.০৪.১৯ তারিখের রায় অনুযায়ী পিটিশনার জনাব মো: নজরূল ইসলাম সহকারী সুপার (ইনডেক্স নং-৩৮৫৪৩৩) এবং মোছা: মেহেরুন্নেছা, জুনিয়র মৌলভী (ইনডেক্স নং-৩৮৪৫৯৯) এর বকেয়া বিলসহ বেতন ভাতাদি (এমপিও) চালুকরণের আবেদন।

সূত্র: (১) জনাব মো: নজরূল ইসলাম, সহ: সুপার এবং জুনি: মৌলভী মোছা: মেহেরুন্নেছা যৌথ স্বাক্ষরিত আবেদন তারিখ: ০৯.০৯.১৯ খ্রি.।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫. ০০ ০০.০০১.১৫.০০৩.১৬-৩০৯ তারিখ: ২৭.০৮.১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও (১) নং সূত্রে বর্ণিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, সূত্র (২) মূলে বগুড়া জেলার ধুনট উপজেলাধীন রাঙ্গামাটি খায়রুল উলুম দাখিল মাদ্রাসার সহ: সুপার জনাব মো: নজরূল ইসলাম ও বিলচাপড়ী দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী মোছা: মেহেরুন্নেছা এর এমপিও সেপ্টেম্বর/২০১৭ হতে stop payment করা হয়।

০২। বেতন ভাতা (এমপিও) স্থগিত করায় পিটিশনারদ্বয় কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৯৪২/২০১৮ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৭.০৪.১৯ তারিখে নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:

The respondents concerned are directed to release the M.P.O of the petitioners with arrear government portion of salary i.e. M.P.O forthwith preferably within 30 (thirty) days from date of receipt of the order of this court.

০৩। উক্ত রিট মামলার রায়ের কপি সংযুক্ত করে রিট মামলার রায় বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনকারীদ্বয় কর্তৃক গত ০৯.০৯.১৮ তারিখে সচিব, TMED বরাবর আবেদন করা হয়।

০৪। এছাড়া রায়ের ৫নং পাতায় নিম্নরূপ উল্লেখ করা হয়:

None of the respondents has appeared by filing affidavit-in-opposition. অর্থাৎ সরকার পক্ষ কর্তৃক কোনরূপ জবাব (affidavit-in-opposition) প্রদান না করায় সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়েছে।

০৫। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুন্ন হওয়ার প্রবল আশংকা বিদ্যমান। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন।

০৬। এমতাবস্থায়,

(ক) রিট পিটিশন নং-২৯৪২/২০১৮ মামলায় ১৭.০৪.১৯ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ১৪.১১.২০১৯ খ্রি. তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি টিএমইডিকে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে জবাব (affidavit in opposition) দাখিল না করার কারণ জানানোর জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩/১০/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটান গার্ডেন রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।